

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের অধীনস্থ রাজস্বখাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে-

(১) উপ-পরিচালক (অর্থ ও হিসাব)

পদ সংখ্যা : ০১ (এক)

বেতনক্রম : ২২২৫০-৯০০ × ১০-৩১২৫০/-

বয়সসীমা : সর্বোচ্চ ৪০ (চল্লিশ) বৎসর (এসএসসি সনদ অনুযায়ী)

শিক্ষাগত যোগ্যতা- কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে অন্যান্য চার্টার্ড একাউন্টেন্ট বা সমমানের ডিগ্রীসহ সরকারী, আধা-সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে অর্থ, হিসাব বা অডিট ব্যবস্থাপনা কাজে ৮ (আট) বৎসরের বাস্তব অভিজ্ঞতা অথবা হিসাব বিজ্ঞানে অন্যান্য ২য় শ্রেণীর স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রীসহ সংশ্লিষ্ট কাজে অন্যান্য ১২ (বার) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। তবে শর্ত থাকে যে, স্থানীয় তহবিল, বাজেট, অডিট, অর্থ ব্যবস্থাপনা, আর্থিক রিপোর্ট তৈরী, প্রকল্প প্রস্তাব তৈরী ইত্যাদি বিষয়ে প্রার্থীর দক্ষতা থাকিতে হইবে।

(২) উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)

পদ সংখ্যা : ০১ (এক)

বেতনক্রম : ৮০০০-৪৫০ × ৭-১১১৫০-ইবি-৪৯০ × ১১-১৬৫৪০/-

বয়সসীমা : সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর (এসএসসি সনদ অনুযায়ী)

শিক্ষাগত যোগ্যতা- কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে বিদ্যুৎ কৌশল বিষয়ে অন্যান্য ২য় শ্রেণীর ডিপ্লোমা।

২। ইচ্ছুক প্রার্থীদের সাদা কাগজে (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) বৈবাহিক অবস্থা (ঙ) জন্ম তারিখ (চ) ৩১-১০-২০১৪ খ্রিঃ তারিখে বয়স (ছ) স্থায়ী ঠিকানা (জ) বর্তমান ঠিকানা (ঝ) জাতীয়তা (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) অভিজ্ঞতা (ঠ) পেন-অর্ডার/ব্যাংক ড্রাফট এর নম্বর এবং তারিখ উল্লেখ করিয়া আবেদন করিতে হইবে।

৩। আবেদনপত্রের সহিত বিভিন্ন সার্টিফিকেট/সেসিমনোনিয়াল, অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত কপি এবং প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদপত্র, সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ৪ (চার) কপি ছবি এবং নিজ এলাকার ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যানের নিকট হইতে স্থায়ী নিবাস সনদপত্র জমা দিতে হইবে। সাক্ষাৎকারের সময় মূল সনদপত্র পেশ করিতে হইবে। সরকারী নিয়োগ বিধি অনুসারে মেধা কোটা, জেলা কোটা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র কন্যার পুত্র-কন্যা) কোটা, মহিলা কোটা, উপজাতীয় কোটা ও প্রতিবন্ধী কোটা সংরক্ষণ করা হইবে। প্রতিবন্ধী এবং উপজাতি কোটার প্রার্থীদের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্রসহ আবেদনপত্র দাখিল করিতে হইবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার অনুকূলে মুক্তিযোদ্ধা সার্টিফিকেট, যাহা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রাক্করিত ও প্রতিশ্রুতকৃত এর সত্যায়িত কপি দাখিল করিতে হইবে।

৪। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরী প্রার্থীকে আবেদনপত্রের সহিত তাহাদের পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট, যাহা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রাক্করিত ও প্রতিশ্রুতকৃত এর সত্যায়িত কপি দাখিল করিতে হইবে। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হইলে আবেদনকারী যে, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট আবেদন পত্রের সহিত সংযুক্ত করিতে হইবে। পরবর্তীতে এতদসংক্রান্ত সনদপত্র দাখিল করা হইলে তাহা গ্রহণযোগ্য হইবে না। শুধুমাত্র উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) পদের ক্ষেত্রে প্রতিবন্ধী এবং মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সীমা সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বৎসর।

৫। সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে। প্রকল্পে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে একিভেডিট গ্রহণ যোগ্য নয়।

৬। আবেদনপত্রের সহিত মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর এর অনুকূলে সোনালী ব্যাংক, বিএআরআই শাখা, জয়দেবপুর, গাজীপুর বরাবর সোনালী ব্যাংক এর যে কোন শাখা হইতে বর্ণিত পদের জন্য ২০০/- (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট/পেন-অর্ডার সংযোজন করিতে হইবে। প্রাপ্ত আবেদনপত্র বাছাইয়ের পর যাহাযা নিয়োগের জন্য উপযুক্ত বিবেচিত হইবেন শুধুমাত্র তাহাদিগকেই লিখিত/সাক্ষাতকার/মৌখিক পরীক্ষার জন্য ডাকা হইবে। পদের সংখ্যা নির্ধারণ (ছাস/বৃদ্ধিকরণ) এবং নিয়োগ সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৭। আবেদনপত্র মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর বরাবর আগামী ০৪-১২-২০১৪ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে অথবা সরাসরি নিম্নাধিকারকারীর কার্যালয়ে পৌঁছাইতে হইবে। অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে এবং নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না।

৮। খামের উপর আবেদনকৃত পদের নাম অবশ্যই উল্লেখ করিতে হইবে।


মুদ্রা-পরিচালক (প্রশাসন)

মহাপরিচালকের পক্ষে
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর।